রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, নভেম্বর ৩, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ/২৬ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-৩৩০-আইন/২০২১।**—কৃষি বিপণন আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৪ নং আইন) এর ধারা ২৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা কৃষি বিপণন বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"আইন"** অর্থ কৃষি বিপণন আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৪ নং আইন);

(খ) **"আমদানিকারক"** অর্থ বাংলাদেশে প্রচলিত কোনো আইনের আওতায় অন্য কোনো দেশ হইতে কৃষিপণ্য বা কৃষি উপকরণ ক্রয় কার্যে প্রত্যক্ষভাবে নিয়োজিত থাকেন এবং উক্ত ক্রয়কৃত কৃষিপণ্য বা কৃষি উপকরণ বাংলাদেশের অভ্যন্তরে বিক্রয়ের জন্য আনয়ন করেন এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(গ) **"আড়তদার"** অর্থ নিজস্ব বা ভাড়াকৃত দোকান, গুদাম বা অন্য কোনো স্থাপনায় কমিশন বা মার্কেট চার্জের ভিত্তিতে কৃষিপণ্যের পাইকারি ক্রয় বা বিক্রয় কার্যে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠান;


**মূল্য :** টাকা ২৪.০০

(ঘ) **"কমিশন এজেন্ট"** অর্থ নির্দিষ্ট ফি বা কমিশনের ভিত্তিতে ক্রেতা ও বিক্রেতার মধ্যে মধ্যস্থতাকারী হিসেবে কোনো কৃষিপণ্য বা কৃষি উপকরণের ক্রয় বা বিক্রয় কার্যে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠান, তবে উক্ত কৃষিপণ্য বা কৃষি উপকরণের মালিক ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(ঙ) **"কৃষক বিপণন দল"** অর্থ তালিকাভুক্ত কৃষক দ্বারা গঠিত কোনো দল যাহারা সরাসরি কৃষি বিপণনে ভূমিকা রাখে;

(চ) **"চুক্তিবদ্ধ চাষ ও বিপণন ব্যবস্থায় ব্যক্তি বা প্রতিষ্ঠান"** অর্থ এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান যাহারা কৃষক, কৃষক দল, কৃষক বিপণন দল ও কৃষিপণ্য ব্যবসায়ীদের চুক্তির ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন ও বিপণন কার্যে নিয়োজিত করেন ও তাহাদের নিকট হইতে পূর্ব নির্ধারিত মূল্যে কৃষিপণ্য ক্রয় করেন;

(ছ) **"ছোট গুদাম"** অর্থ ১০ (দশ) মেট্রিক টন হইতে ১০০ (একশত) মেট্রিক টন পর্যন্ত ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম;

(জ) **"ডিলার"** অর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি কৃষিপণ্য বা কৃষি উপকরণসমূহ ক্রয় বা বিক্রয়ের নিমিত্ত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত;

(ঝ) **"দপ্তর প্রধান"** অর্থ জেলা পর্যায়ে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা বা কৃষি বিপণন কর্মকর্তা এবং উপজেলা পর্যায়ে উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা;

(ঞ) **"পাইকারি বিক্রেতা"** অর্থ প্রত্যক্ষভাবে অন্য কোনো ব্যবসায়ীর কৃষিপণ্য বা কৃষি উপকরণের পাইকারি ক্রয় এবং পাইকারী বিক্রয় কার্যে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ট) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(ঠ) **"বড় গুদাম"** অর্থ ১০০ (একশত) মেট্রিক টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম;

(ড) **"যৌক্তিক মূল্য"** অর্থ এই বিধিমালার ফরম-১০ অনুযায়ী ধার্যকৃত বিক্রয় মূল্য; এবং

(ঢ) **"রপ্তানিকারক"** অর্থ বাংলাদেশে প্রচলিত আইনের আওতায় অন্য কোনো দেশে কৃষি বা কৃষিজাতপণ্য ও কৃষি উপকরণ বিক্রয় কার্যে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

**৩। প্রজ্ঞাপিত বাজার ঘোষণা, পরিচালনা ও নিয়ন্ত্রণ পদ্ধতি।**—(১) আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর অধীন কোনো বাজারকে প্রজ্ঞাপিত বাজার হিসাবে ঘোষণার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা :—

(ক) দপ্তর প্রধান ফরম-৫ অনুযায়ী উপযুক্ত বাজার নির্বাচনপূর্বক সুপারিশসহ সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক বরাবর প্রস্তাব প্রেরণ করিবেন;

(খ) বিভাগীয় উপপরিচালক উক্ত প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক সুপারিশসহ মহাপরিচালক বরাবর প্রেরণ করিবেন;

(গ) মহাপরিচালক উক্ত প্রস্তাব অধিকতর যাচাই-বাছাইপূর্বক সুপারিশসহ সরকারের নিকট প্রেরণ করিবেন;

(ঘ) সরকার, দফা (গ) এর অধীন প্রেরিত প্রস্তাব বিবেচনাক্রমে সন্তুষ্ট হইলে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত বাজারকে প্রজ্ঞাপিত বাজার হিসাবে ঘোষণা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রজ্ঞাপিত বাজার নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ করিতে হইবে, যথা :—

(ক) প্রস্তাবিত বাজারে এক বা একাধিক কৃষিপণ্য পাইকারি ক্রয়-বিক্রয় হইতে হইবে;

(খ) পাইকারি বিক্রেতার সংখ্যা অন্যূন ৫ (পাঁচ) জন হইতে হইবে;

(গ) বাজারে পাইকারি বিক্রেতার নিজস্ব বা ভাড়া করা স্থাপনা থাকিতে হইবে।

(৩) প্রজ্ঞাপিত বাজার বাতিলের জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা :—

(ক) দপ্তর প্রধান ফরম-৭ অনুযায়ী প্রজ্ঞাপিত বাজারের প্রজ্ঞাপন বাতিলের সুপারিশসহ সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক বরাবর প্রস্তাব প্রেরণ করিবেন;

(খ) বিভাগীয় উপপরিচালক উক্ত প্রস্তাব যাচাই-বাছাইক্রমে সুপারিশসহ মহাপরিচালক বরাবর প্রেরণ করিবেন;

(গ) মহাপরিচালক উক্ত প্রস্তাব অধিকতর যাচাই-বাছাইপূর্বক প্রজ্ঞাপন বাতিলের সুপারিশসহ সরকারের নিকট প্রেরণ করিবেন;

(ঘ) সরকার, দফা (গ) অধীন প্রেরিত প্রস্তাব বিবেচনাক্রমে সন্তুষ্ট হইলে, সরকারি গেজেটে, প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপিত বাজার বাতিল করিতে পারিবে।

(৪) অধিদপ্তর জাতীয় কৃষি বিপণন সমন্বয় কমিটির পরামর্শক্রমে জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি ও উপজেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির সহায়তায় প্রজ্ঞাপিত বাজার পরিচালনা ও নিয়ন্ত্রণ করিবে।

৪। **বাজারকারবারীর দায়িত্ব।**—প্রজ্ঞাপিত বাজারের প্রত্যেক বাজারকারবারিকে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা :—

(ক) তাহার মালিকানাধীন সকল কৃষিপণ্য ও কৃষি উপকরণ পাইকারি ও খুচরা বিক্রয় মূল্য প্রকাশ্য স্থানে বা সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন এবং ক্রয়কৃত পণ্যের মূল রশিদ দোকান বা ব্যবসা প্রতিষ্ঠানে সংরক্ষণ করা;

(খ) নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এ বর্ণিত জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোনো রাসায়নিক বা অন্য কোনো দ্রব্য কৃষিপণ্যে ব্যবহার না করা;

(গ) কৃষিপণ্য ও কৃষি উপকরণ ক্রয়-বিক্রয়কালে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) অনুমোদিত আদর্শ ওজন ও পরিমাপ পদ্ধতি ব্যবহার করা;

(ঘ) কৃষিপণ্য ও কৃষি উপকরণ সরবরাহে বাধা সৃষ্টি বা কোনোভাবে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি না করা;

(ঙ) কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ফরম-১০ এর অধীন নির্ধারিত যৌক্তিক মূল্যে কৃষিপণ্য ও কৃষি উপকরণ ক্রয়-বিক্রয় করা।

৫। **লাইসেন্সের জন্য আবেদন।**—(১) কোনো ব্যক্তি আইনের ধারা ৫ এর উপ-ধারা (২), ধারা ৬ এর উপ-ধারা (১) এবং ধারা ৭ এর উপ-ধারা (১) এর অধীন লাইসেন্স গ্রহণ করিতে চাহিলে তাহাকে ফরম-৬ এ উল্লিখিত ফি, ভ্যাটসহ, সরকার কর্তৃক নির্ধারিত কোডে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের কপি সংযুক্ত করিয়া ফরম-১ অনুযায়ী মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(২) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) লাইসেন্স গ্রহণের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে ফরম-৬ অনুসারে দপ্তর প্রধান নোটিশ প্রদান করিতে পারিবে।

৬। **লাইসেন্স প্রদান।**—বিধি ৫ এর অধীন দাখিলকৃত আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলী পরীক্ষা ও প্রয়োজনীয় তদন্তপূর্বক আবেদন দাখিলের অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দপ্তর প্রধান ফরম-২ অনুযায়ী লাইসেন্স ইস্যু করিবেন।

৭। **লাইসেন্সের আবেদন নামঞ্জুর।**—(১) দপ্তর প্রধান বিধি ৫ এর অধীন প্রাপ্ত আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা ও প্রয়োজনীয় তদন্তপূর্বক সন্তুষ্ট না হইলে, লাইসেন্সের আবেদন নামঞ্জুর করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদন নামঞ্জুর করা হইলে, দপ্তর প্রধান নামঞ্জুর করিবার কারণ ও যৌক্তিকতা অনতিবিলম্বে লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিবেন।

৮। **লাইসেন্সের আবেদন পুনর্বিবেচনা।**—(১) বিধি ৭ এর অধীন কোনো লাইসেন্সের আবেদন নামঞ্জুর করা হইলে সংক্ষুব্ধ আবেদনকারী উক্ত নামঞ্জুর করিবার বিষয়টি অবহিত হইবার অনধিক ১ (এক) মাসের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য দপ্তর প্রধান বরাবর আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন আবেদন করা হইলে, বিষয়টি যাচাইপূর্বক, আবেদন প্রাপ্তির তারিখ হইতে অনধিক ১ (এক) মাসের মধ্যে, দপ্তর প্রধান সংশ্লিষ্ট আবেদন মঞ্জুর করিবেন, অথবা লিখিতভাবে প্রত্যাখ্যান করিবেন এবং এতদ্‌বিষয়ে দপ্তর প্রধানের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯। **লাইসেন্সের মেয়াদ।**—বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ১ (এক) বৎসর।

১০। **লাইসেন্স নবায়ন।**—(১) বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্স নবায়নের জন্য উহার মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন ১ (এক) মাস পূর্বে ফরম-৬ এ উল্লিখিত ফি প্রদানপূর্বক ফরম-১ অনুযায়ী মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(২) মহাপরিচালক বা দপ্তর প্রধান উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির পর যাচাইপূর্বক সন্তুষ্ট হইলে ফরম-৩ অনুযায়ী লাইসেন্স নবায়ন করিবেন এবং সন্তুষ্ট না হইলে আবেদন নামঞ্জুর করিবেন:

তবে শর্ত থাকে যে, কোনো আবেদন নামঞ্জুর করা হইলে নামঞ্জুর করিবার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৩) লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা হইলে সংশ্লিষ্ট লাইসেন্স নবায়ন না করা পর্যন্ত অথবা নবায়নের আবেদন নামঞ্জুর কর হইয়াছে মর্মে আবেদনকারীকে অবহিত না করা পর্যন্ত লাইসেন্স বহাল রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন কোনো লাইসেন্স নবায়নের আবেদন নামঞ্জুর করা হইলে সংক্ষুব্ধ আবেদনকারী উক্ত নামঞ্জুর করিবার বিষয়টি অবহিত হইবার অনধিক ১ (এক) মাসের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য দপ্তর প্রধান বরাবর আবেদন করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন কোন আবেদন করা হইলে, বিষয়টি যাচাইপূর্বক, আবেদন প্রাপ্তির তারিখ হইতে অনধিক ১৫ (পনেরো) দিনের মধ্যে, দপ্তর প্রধান সংশ্লিষ্ট আবেদন মঞ্জুর করিবেন, অথবা লিখিতভাবে নামঞ্জুর করিবেন এবং এতদ্‌বিষয়ে দপ্তর প্রধানের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৬) লাইসেন্স নবায়নের জন্য সংশ্লিষ্ট লাইসেন্সধারীকে ফরম-৬ অনুসারে দপ্তর প্রধান নোটিশ প্রদান করিতে পারিবে।

**১১। লাইসেন্স স্থগিত, বাতিল ও পুনর্বহাল, ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু, ইত্যাদি।**—(১) কোনো লাইসেন্সধারী লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গ করিলে দপ্তর প্রধান লাইসেন্সধারী বরাবর ফরম-৮ অনুসারে লাইসেন্স স্থগিত বা বাতিলের নোটিশ প্রেরণ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট লাইসেন্সধারী দপ্তর প্রধান বরাবর ১৫ (পনেরো) দিনের মধ্যে উক্ত নোটিশের লিখিত জবাব প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন লাইসেন্সধারীর লিখিত জবাবের প্রেক্ষিতে যাচাইপূর্বক, সন্তুষ্ট হইলে, দপ্তর প্রধান লাইসেন্স স্থগিত বা বাতিলের বিষয়টি তদনুযায়ী নিষ্পত্তি করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত লিখিত জবাব সন্তোষজনক না হইলে, দপ্তর প্রধান লাইসেন্সধারীর লিখিত জবাব ও প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ লাইসেন্স স্থগিত বা বাতিলের প্রস্তাব সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক বরাবর প্রেরণ করিতে পারিবেন।

(৫) লাইসেন্স স্থগিত বা বাতিলের প্রস্তাব যথাযথ অনুসন্ধানের পর সন্তোষজনক বিবেচিত হইলে, উপ-বিধি (২) এর অধীন লাইসেন্সধারী প্রদত্ত লিখিত জবাব এবং উপ-বিধি (৪) এর অধীন প্রয়োজনীয় কাগজপত্রাদি বিবেচনাপূর্বক, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক লাইসেন্স স্থগিত বা বাতিলের নোটিশটি প্রত্যাহার করিবেন এবং নোটিশের জবাব সন্তোষজনক না হইলে, ফরম-৯ অনুযায়ী লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, লাইসেন্স স্থগিত বা বাতিল করিবার পূর্বে লাইসেন্সধারীকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ প্রদান করিতে হইবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন, লাইসেন্স স্থগিত বা বাতিল করা হইলে লাইসেন্সধারী উক্তরূপ আদেশ প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক বরাবর লাইসেন্স পুনর্বহালের জন্য আপিল দায়ের করিতে পারিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন কোনো আপিল দায়ের করা হইলে, বিষয়টি যাচাইপূর্বক যুক্তিযুক্ত প্রতীয়মান হইলে আপিল দায়েরের তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে, বিভাগীয় উপপরিচালক উক্ত আপিল মঞ্জুর অথবা লিখিতভাবে নামঞ্জুর করিতে পারিবে এবং এতদ্বিষয়ে বিভাগীয় উপপরিচালক এর সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৮) লাইসেন্স পুনর্বহাল করা হইলে লাইসেন্সধারীকে সমূদয় বকেয়া নবায়নকৃত লাইসেন্স ফি পরিশোধ করিতে হইবে।

(৯) লাইসেন্সধারীর ব্যবসা পরিবর্তনজনিত কারণ অথবা মৃত্যুজনিত কারণ যথাযথ অনুসন্ধানের পর লাইসেন্স বাতিল করা যাইবে।

(১০) লাইসেন্সধারীর লাইসেন্স চুরি বা হারানো গেলে অথবা অন্য কোনো কারণে বিনষ্ট হইলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরী (জি.ডি) করিয়া উহার কপিসহ মহাপরিচালক বরাবর আবেদন দাখিল করিতে হইবে।

(১১) উপ-বিধি (১০) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির পর দপ্তর প্রধান সংশ্লিষ্ট কাগজপত্র যাচাইপূর্বক ৭ (সাত) দিনের মধ্যে ডুপ্লিকেট কপি সম্বলিত সিলমোহর ব্যবহারক্রমে উহার ডুপ্লিকেট কপি ইস্যু করিতে পারিবেন।

(১২) লাইসেন্সধারীর ব্যবসা বন্ধ করিবার সঙ্গে সঙ্গে বা লাইসেন্সটি বাতিল করা হইলে উক্ত লাইসেন্সটি অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা প্রদান করিতে হইবে এবং লাইসেন্সধারীর অনাদায়ী বকেয়া, যদি থাকে, Public Demands Recovery Act, 1913 (Act No. III of 1913) এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী আদায়যোগ্য হইবে।

১২। **লাইসেন্সের জন্য ভ্যাট প্রদান।**—কোনো আবেদনকারীকে ধার্যকৃত লাইসেন্স ফি এর উপর সরকার কর্তৃক, সময় সময়, আরোপিত নির্ধারিত হারে ভ্যাট প্রদান করিতে হইবে।

১৩। **কৃষিপণ্য ও কৃষি উপকরণ সংরক্ষণ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে গুদাম বা হিমাগার মালিকের দায়িত্ব।**—কৃষিপণ্য ও কৃষি উপকরণ সংরক্ষণ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে গুদাম বা হিমাগার মালিককে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা :—

(ক) প্রত্যেক গুদাম ও হিমাগার মালিক কর্তৃক গুদাম ও হিমাগার এর পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখিতে হইবে;

(খ) গুদাম ও হিমাগারে মজুদকৃত কৃষিপণ্য ও কৃষি উপকরণ ধ্বংস বা ক্ষতি করিতে পারে এইরূপ ক্ষতিকারক কীটপতঙ্গ হইতে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং প্রয়োজনে অনুমোদিত কীটনাশক ব্যবহার করিতে হইবে;

(গ) গুদাম ও হিমাগারে মজুদকৃত কৃষিপণ্য ও কৃষি উপকরণ মালিকানা ও মানের ভিত্তিতে স্বতন্ত্রভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে উহা সহজেই চিহ্নিত করা যায়;

(ঘ) হিমাগারের ক্ষেত্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে;

(ঙ) গুদাম বা হিমাগারে অগ্নি নিরোধক সরঞ্জামাদির সুব্যবস্থা থাকিতে হইবে; এবং

(চ) গুদাম বা হিমাগারের মালিককে অগ্নিকান্ড, বন্যা অথবা অন্য যে কোনো প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়-ক্ষতি বা চুরির ক্ষতি মোকাবিলার জন্য বিমা-পলিসি গ্রহণ করিতে হইবে।

১৪। **গুদাম বা হিমাগার মালিকের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে পণ্যের ক্ষতি।**—গুদাম বা হিমাগারে মজুদকৃত কৃষিজাত পণ্যের ক্ষেত্রে গুদাম বা হিমাগার মালিকের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কোনো পণ্যের ক্ষতি হইলে সংশ্লিষ্ট গুদাম বা হিমাগার মালিক ক্ষতির কারণ উল্লেখ করিয়া উক্ত পণ্যের প্রাপ্তি স্বীকারপত্র সমর্পণ ও পণ্যের সমুদয় চার্জ পরিশোধপূর্বক অতিসত্বর উক্ত পণ্য ফেরত লইবার জন্য পণ্যের মালিক বা মজুদকারী বরাবর নোটিশ প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট পণ্যের মালিক নোটিশে বর্ণিত সময়ের মধ্যে পণ্য খালাস করিতে অসম্মতি জ্ঞাপন করিলে গুদাম বা হিমাগারের মালিক মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মচারীর লিখিত অনুমোদন সাপেক্ষে উক্ত পণ্য অপসারণ করিয়া নিলামে বিক্রয়ের পর প্রাপ্ত অর্থ হইতে গুদাম বা হিমাগারের সমুদয় পাওনা কর্তনপূর্বক বাকি অর্থ পণ্যের মালিককে পরিশোধ করিবেন।

১৫। **তালিকাভুক্তিকরণ।**—কৃষক বিপণন দল, কৃষিভিত্তিক ব্যবসায়ী সংগঠন, কৃষিভিত্তিক সংগঠনসমূহের ফেডারেশন, কনসোর্টিয়াম, সমিতি, সংস্থা, চুক্তিবদ্ধ চাষ ও বিপণন ব্যবস্থার সহিত সম্পৃক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ও সমবায় সমিতিসমূহকে ফরম-৪ অনুযায়ী তালিকাভুক্তির জন্য দপ্তর প্রধান বরাবর আবেদন করিতে হইবে।

১৬। **চুক্তি সম্পাদন।**—চুক্তিভিত্তিক বিপণনের ক্ষেত্রে ক্রেতা-বিক্রেতার মধ্যে Stamp Act, 1899 (Act No. II of 1899) অনুযায়ী নির্ধারিত মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে, কৃষি বিপণন অধিদপ্তরের মধ্যস্থতায়, চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

১৭। **সুপার শপ পরিচালনাকারীর দায়িত্ব**।—সুপার শপ পরিচালনার ক্ষেত্রে পরিচালনাকারীকে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা :—

(ক) সুপার শপে মোড়কীকরণ করিয়া প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্য বিক্রয় করিতে হইবে এবং মোড়কে পণ্যের পুষ্টিমান ও উপাদানের শতকরা হার, উৎপাদন, মেয়াদ-উত্তীর্ণের তারিখ, সর্বোচ্চ খুচরা মূল্য উল্লেখ করিতে হইবে এবং উক্ত মেয়াদের মধ্যে উহা বিক্রয় বা বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ করা হইবে :

তবে শর্ত থাকে যে, পঁচনশীল বা জ্যান্ত কোনো কৃষিপণ্য মোড়কীকরণ ব্যতীত বিক্রয় করা যাইবে।

(খ) কৃষক বিপণন দলের উৎপাদিত কৃষিপণ্য বা প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্য বিক্রয়ের সুযোগ এবং চুক্তিবদ্ধ চাষ ব্যবস্থা ও চুক্তিভিত্তিক বিপণন ব্যবস্থায় যুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করিতে হইবে;

(গ) নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এ বর্ণিত জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোনো রাসায়নিক বা অন্য কোনো দ্রব্য কৃষিপণ্যে ব্যবহার করিতে বা উক্তরূপে প্রাপ্ত কৃষিপণ্য বিক্রয় করা যাইবে না;

(ঘ) কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ফরম-১০ এর অধীন নির্ধারিত যৌক্তিক মূল্যে কৃষিপণ্য ও কৃষি উপকরণ ক্রয়-বিক্রয় করিতে হইবে; এবং

(ঙ) দেশের যে কোনো স্থানে সুপার শপ স্থাপন ও তদ্‌সম্পর্কিত তথ্যাদি কৃষি বিপণন অধিদপ্তরের স্থানীয় পর্যায়ের কার্যালয়ে অবহিত করিতে হইবে।

১৮। **জাতীয় কৃষি বিপণন সমন্বয় কমিটির গঠন, কার্যাবলি, ইত্যাদি**।—(১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জাতীয় কৃষি বিপণন সমন্বয় কমিটি গঠিত হইবে, যথা :—

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | উপদেষ্টা |
| (২) | সচিব, কৃষি মন্ত্রণালয় | সভাপতি |
| (৩) | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | সদস্য |
| (৪) | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সদস্য |
| (৫) | চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | সদস্য |
| (৬) | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (৭) | মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সদস্য |
| (৮) | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর | সদস্য |
| (৯) | সরকার কর্তৃক মনোনীত কৃষি বিশ্ববিদ্যালয়ের ১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| (১০) | প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয় (যুগ্মসচিব পদ মর্যাদার নিম্নে নহে) | সদস্য |
| (১১) | প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব পদ মর্যাদার নিম্নে নহে) | সদস্য |
| (১২) | প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিব পদ মর্যাদার নিম্নে নহে) | সদস্য |
| (১৩) | প্রতিনিধি, খাদ্য মন্ত্রণালয় (যুগ্মসচিব পদ মর্যাদার নিম্নে নহে) | সদস্য |
| (১৪) | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্মসচিব পদ মর্যাদার নিম্নে নহে) | সদস্য |

| | | |
|---|---|---|
| (১৫) | প্রতিনিধি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (যুগ্মসচিব পদ মর্যাদার নিম্নে নহে) | সদস্য |
| (১৬) | প্রতিনিধি, এফবিসিসিআই | সদস্য |
| (১৭) | প্রেসিডেন্ট, বাংলাদেশ এগ্রো প্রসেসরস্ এসোসিয়েশন | সদস্য |
| (১৮) | প্রেসিডেন্ট, সুপারশপ ওনার্স এসোসিয়েশন | সদস্য |
| (১৯) | সরকার কর্তৃক মনোনীত ১ (এক) একজন কৃষি বিপণন বিশেষজ্ঞ | সদস্য |
| (২০) | সরকার কর্তৃক মনোনীত ১ (এক) জন কৃষিপণ্য উৎপাদক | সদস্য |
| (২১) | সরকার কর্তৃক মনোনীত ২ (দুই) জন কৃষিপণ্য ব্যবসায়ী (একজন পুরুষ ও একজন মহিলা)। | সদস্য |
| (২২) | সরকার কর্তৃক মনোনীত ১ (এক) জন গুদাম মালিক | সদস্য |
| (২৩) | সরকার কৃর্তক মনোনীত ০১ (এক) জন হিমাগার মালিক | সদস্য |
| (২৪) | মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর | সদস্য-সচিব |

(২) উক্ত কমিটির সভা বৎসরে অন্যূন ১ (এক) বার অনুষ্ঠিত হইবে; তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হইতে পারিবে।

(৩) উক্ত কমিটিতে মনোনীত সদস্যের মেয়াদ হইবে উক্ত কমিটি গঠনের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

(৪) উক্ত কমিটিতে মনোনীত সদস্যদের পদ শূন্য হইলে মনোনয়নকারী কর্তৃপক্ষ অবশিষ্ট মেয়াদের জন্য নতুন কোনো সদস্যকে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

(৫) উক্ত কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

(৬) উক্ত কমিটি উহার কার্যসম্পাদনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনে নতুন কোনো সদস্যকে কোঅপ্ট করিতে পারিবে।

(৭) উক্ত কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কৃষি বিপণন ও বাজার ব্যবস্থাপনা উন্নয়নের ক্ষেত্রে কৃষি বিপণন সম্পর্কিত কার্যক্রম পর্যবেক্ষণ ও তদ্‌সম্পর্কে পরামর্শ প্রদান;

(খ) কৃষিপণ্য ও কৃষি উপকরণের বাৎসরিক চাহিদা নিরূপণ, স্থানীয় উৎপাদনের প্রক্ষেপণ, আমদানি ও রপ্তানির সম্ভাব্যতা বিশ্লেষণ, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারের গতি প্রকৃতি পর্যবেক্ষণ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের করণীয় সম্পর্কে আগাম পরামর্শ প্রদান;

(গ) আপদকালীন সময়ে কৃষি বিপণনে ঝুঁকি ব্যবস্থাপনা ও ক্ষতিপূরণে সরকারের করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান;

(ঘ) কৃষি বিপণন, কৃষিভিত্তিক শিল্প স্থাপন ও বাজার ব্যবস্থার উন্নয়নের ক্ষেত্রে আন্তঃমন্ত্রণালয় সমন্বয় ও সহযোগিতা নিশ্চিতকরণ;

(ঙ) কৃষিপণ্যের গুণগত মান নিশ্চিতকরণে পরামর্শ প্রদান।

১৯। **জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির গঠন, কার্যাবলি, ইত্যাদি।**—(১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি গঠিত হইবে, যথা :—

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | পুলিশ সুপার | সদস্য |
| (৩) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (৪) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (৫) | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| (৬) | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| (৭) | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (৮) | জেলা সমবায় অফিসার | সদস্য |
| (৯) | প্রতিনিধি, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সদস্য |
| (১০) | প্রতিনিধি, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সদস্য |
| (১১) | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ৩ (তিন) জন কৃষিপণ্য ব্যবসায়ী প্রতিনিধি (তন্মধ্যে অন্যূন একজন মহিলা, যদি থাকে)। | সদস্য |
| (১২) | সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| (১৩) | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ (এক) একজন গুদাম মালিক (যদি থাকে) | সদস্য |
| (১৪) | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ (এক) একজন হিমাগার মালিক (যদি থাকে) | সদস্য |
| (১৫) | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ (এক) একজন সুপার শপ মালিক (যদি থাকে) | সদস্য |
| (১৬) | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা বা কৃষি বিপণন কর্মকর্তা | সদস্য-সচিব |

(২) উক্ত কমিটির সভা বৎসরে অন্যূন ১ (এক) বার অনুষ্ঠিত হইবে, তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হইতে পারিবে।

(৩) উক্ত কমিটিতে মনোনীত সদস্যের মেয়াদ হইবে উক্ত কমিটি গঠনের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

(৪) উক্ত কমিটিতে কোনো কারণে মনোনীত সদস্যদের পদ শূন্য হইলে মনোনয়নকারী কর্তৃপক্ষ অবশিষ্ট মেয়াদের জন্য নূতন কোনো সদস্যকে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

(৫) উক্ত কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

(৬) উক্ত কমিটি উহার কার্য সম্পাদনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনে নূতন কোনো সদস্যকে কোঅপ্ট করিতে পারিবে।

(৭) উক্ত কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কৃষিপণ্য ও কৃষি উপকরণ পরিবহনকালে কোনো ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক সৃষ্ট প্রতিবন্ধকতা রোধকল্পে অথবা অবৈধ চাঁদা বা অর্থ আদায় রোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণপূর্বক অবাধ সরবরাহ চেইন নিশ্চিতকরণ;

(খ) কৃষিপণ্য ভোক্তা সাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখা এবং বাজার মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(গ) ভোক্তা কর্তৃক সহনীয় মূল্যে পণ্য ক্রয়ের ক্ষেত্রে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত যৌক্তিক মূল্য বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;

(ঘ) কৃষিপণ্য এবং কৃষি উপকরণের স্থানীয় চাহিদা, উৎপাদন ও যোগান, মজুদ, বাজার দর, সংরক্ষণ, পরিমাপ, প্রক্রিয়াজাতকরণ এবং সরবরাহ পরিস্থিতি সম্পর্কে কৃষি বিপণন অধিদপ্তর ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;

(ঙ) পাইকারি ও খুচরা বাজারসমূহে বিক্রেতা কর্তৃক কৃষিপণ্য ও কৃষি উপকরণের ক্রয় বা বিক্রয় মূল্য তালিকা সহজে ক্রেতা সাধারণের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন করা হচ্ছে কি না উহা তত্ত্বাবধান করা;

(চ) আইনের আওতায় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখিতে এবং ভেজাল ও ক্ষতিকর রাসায়নিক মুক্ত পণ্য সরবরাহ নিশ্চিত করিবার জন্য মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা করা।

২০। **উপজেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির গঠন, কার্যাবলি ইত্যাদি।**—(১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উপজেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি গঠিত হইবে, যথা :—

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| (৩) | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য |
| (৪) | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| (৫) | উপজেলা মৎস্য অফিসার | সদস্য |
| (৬) | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| (৭) | উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| (৮) | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| (৯) | সভাপতি কর্তৃক মনোনীত ১ (এক) জন গুদাম মালিক (যদি থাকে) | সদস্য |
| (১০) | সভাপতি কর্তৃক মনোনীত ১ (এক) জন হিমাগার মালিক (যদি থাকে) | সদস্য |
| (১১) | সভাপতি কর্তৃক মনোনীত ৩ (তিন) জন কৃষিপণ্য উৎপাদক (অন্যূন একজন মহিলা, যদি থাকে) | সদস্য |
| (১২) | সভাপতি কর্তৃক মনোনীত ৩ (তিন) জন কৃষি ব্যবসায়ী (অন্যূন একজন মহিলা, যদি থাকে) | সদস্য |
| (১৩) | উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা | সদস্য-সচিব |

(২) উক্ত কমিটির সভা বৎসরে অন্যূন ১ (এক) বার অনুষ্ঠিত হইবে; তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হইতে পারিবে।

(৩) উক্ত কমিটিতে মনোনীত সদস্যের মেয়াদ হইবে উক্ত কমিটি গঠনের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

(৪) উক্ত কমিটিতে কোনো কারণে মনোনীত সদস্যদের পদ শূন্য হইলে মনোনয়নকারী কর্তৃপক্ষ অবশিষ্ট মেয়াদের জন্য নূতন কোনো সদস্যকে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

(৫) উক্ত কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

(৬) উক্ত কমিটি উহার কার্য সম্পাদনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনে নূতন কোনো সদস্যকে কোঅপ্ট করিতে পারিবে।

(৭) উক্ত কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কৃষিপণ্য ও কৃষি উপকরণ পরিবহনকালে কোনো ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক সৃষ্ট প্রতিবন্ধকতা রোধকল্পে অথবা অবৈধ চাঁদা বা অর্থ আদায় রোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণপূর্বক অবাধ সরবরাহ চেইন নিশ্চিতকরণ;

(খ) পাইকারি ও খুচরা বাজারসমূহে বিক্রেতা কর্তৃক কৃষিপণ্য ও কৃষি উপকরণের ক্রয় বা বিক্রয় মূল্য তালিকা সহজে ক্রেতা সাধারণের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন হচ্ছে কি না উহা তত্ত্বাবধান করা;

(গ) কৃষিপণ্য এবং কৃষি উপকরণ এর স্থানীয় চাহিদা, উৎপাদন ও যোগান, মজুদ, বাজার দর, সংরক্ষণ, পরিমাপ, প্রক্রিয়াজাতকরণ এবং সরবরাহ পরিস্থিতি সম্পর্কে কৃষি বিপণন অধিদপ্তর ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;

(ঘ) আইনের আওতায় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখিতে এবং ভেজাল ও ক্ষতিকর রাসায়নিক মুক্ত পণ্য সরবরাহ নিশ্চিত করিবার জন্যে মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা প্রদান।

২১। **বাজারভিত্তিক কৃষি বিপণন কমিটির গঠন, কার্যাবলি, ইত্যাদি।**—(১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বাজারভিত্তিক কৃষি বিপণন কমিটি গঠিত হইবে, যথা :—

| | | |
|---|---|---|
| (১) | সিটি কর্পোরেশন বা পৌরসভার সংশ্লিষ্ট ওয়ার্ড এর কাউন্সিল বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। | সভাপতি |
| (২) | সংশ্লিষ্ট উপ সহকারী কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৩) | সভাপতি কর্তৃক মনোনীত গণ্যমান্য ব্যক্তি | সদস্য |
| (৪) | সভাপতি কর্তৃক মনোনীত ৩ (তিন) জন কৃষিপণ্য ব্যবসায়ী (তন্মধ্যে অন্যূন একজন মহিলা, যদি থাকে)। | সদস্য |
| (৫) | সভাপতি কর্তৃক মনোনীত ১ (এক) জন কৃষিপণ্য উৎপাদক | সদস্য |
| (৬) | বাজার পরিচালনা কমিটির সভাপতি বা, ক্ষেত্রমত, সেক্রেটারী | সদস্য |
| (৭) | উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা | সদস্য-সচিব |

(২) উক্ত কমিটির সভা বৎসরে অন্যূন ১ (এক) বার অনুষ্ঠিত হইবে; তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হইতে পারিবে।

(৩) উক্ত কমিটিতে মনোনীত সদস্যের মেয়াদ হইবে উক্ত কমিটি গঠনের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

(৪) উক্ত কমিটিতে কোনো কারণে মনোনীত সদস্যদের পদ শূন্য হইলে মনোনয়নকারী কর্তৃপক্ষ অবশিষ্ট মেয়াদের জন্য নূতন কোনো সদস্যকে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

(৫) উক্ত কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

(৬) উক্ত কমিটি উহার কার্য সম্পাদনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনে নূতন কোনো সদস্যকে কোঅপ্ট ও উপকমিটি গঠন করিতে পারিবে।

(৭) উক্ত কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কৃষিপণ্য ও কৃষি উপকরণ পরিবহনকালে কোনো ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক সৃষ্ট প্রতিবন্ধকতা রোধকল্পে অথবা অবৈধ চাঁদা বা অর্থ আদায় রোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণপূর্বক অবাধ সরবরাহ চেইন নিশ্চিতকরণ;

(খ) কৃষিপণ্য এবং কৃষি উপকরণের গুণাগুণ, বাজারদর, সংরক্ষণ, পরিমাপ, প্রক্রিয়াজাতকরণ, মজুদ এবং সরবরাহ পরিস্থিতি বিষয়ে পর্যবেক্ষণ ও তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণে কৃষি বিপণন অধিদপ্তরকে সহায়তা প্রদান;

(গ) পাইকারি ও খুচরা বাজারসমূহে কৃষিপণ্য ও কৃষি উপকরণের ক্রয় বা বিক্রয় মূল্য তালিকা বিক্রেতাগণ কর্তৃক ক্রেতা সাধারণের দৃষ্টিগোচর হয় এমনভাবে প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিতকরণে কৃষি বিপণন অধিদপ্তরকে সহায়তা প্রদান;

(ঘ) উৎপাদক, ভোক্তা ও কৃষি ব্যবসায়ীর মাঝে পণ্যের গুণাগুণ, ভেজাল ও ক্ষতিকর রাসায়নিকমুক্ত পণ্য সরবরাহ ও মূল্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য মতবিনিময়ের ব্যবস্থা করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(ঙ) আইনের আওতায় দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখিতে এবং ভেজাল ও ক্ষতিকর রাসায়নিকমুক্ত পণ্য সরবরাহ নিশ্চিত করিবার লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা প্রদান।

২২। **রহিতকরণ ও হেফাজত।**—(১) East Pakistan Agricultural Produce Markets Regulation Rules, 1964, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন—

(ক) কৃত বা চলমান কোনো কার্যক্রম বা গৃহীত কোনো ব্যবস্থা বা প্রদত্ত লাইসেন্স এই বিধিমালার অধীন কৃত, চলমান, গৃহীত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) কোনো মামলা বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন হইবে যেন উক্ত Rules রহিত হয় নাই।

**২৩। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**ফরম-১**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কৃষি বিপণন অধিদপ্তর**

**কৃষি বিপণন লাইসেন্স গ্রহণ ও নবায়নের জন্য আবেদন**

[বিধি ৫(১) ও ১০(১) দ্রষ্টব্য]

বরাবর,
মহাপরিচালক
............................................

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : | |
| ২। | পিতার নাম/স্বামীর নাম | : | |
| ৩। | মাতার নাম | : | |
| ৪। | বর্তমান ঠিকানা | : | |
| ৫। | স্থায়ী ঠিকানা | : | |
| ৬। | ব্যবসা প্রতিষ্ঠানের নাম | : | |
| ৭। | ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা | : | |
| ৮। | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ৯। | টি আই এন নম্বর (যদি থাকে) | | |
| ১০। | টেলিফোন/মোবাইল নম্বর/ই-মেইল নম্বর | : | |
| ১১। | ব্যবসার শ্রেণিঃ<br>হিমাগার/চুক্তিবদ্ধ চাষ ও বিপণন ব্যবস্থার সহিত সম্পৃক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান/কৃষিপণ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান/বড় গুদাম/ রপ্তানিকারক/আমদানিকারক/সরবরাহকারী/কুল চেম্বার/ ছোট গুদাম/পাইকারি বিক্রেতা/আড়ৎদার/মজুদদার/ডিলার/মিলার/ কমিশন এজেন্ট বা ব্রোকার/ওজনদার/নমুনা সংগ্রহকারী/ বেপারী/ফড়িয়া। | : | |
| ১২। | কৃষিপণ্যের শ্রেণিবিভাগ (আইনেরর তফসিল-১ ও ২ অনুযায়ী) | : | |
| ১৩। | কৃষিপণ্যের বিবরণ (আইনের তফসিল-১ ও ২ অনুযায়ী)) | : | |
| ১৪। | প্রজ্ঞাপিত বাজারের নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | : | |
| ১৫। | লাইসেন্সের বিবরণ (নবায়নের জন্য প্রযোজ্য) | : | বই নং ........ .....লাইসেন্স নং......... |
| ১৬। | লাইসেন্স ইস্যু/নবায়ন ফি | : | লাইসেন্স ফি: ...........টাকা<br>চালান নং ও তারিখ:<br>ভ্যাট: ...........টাকা<br>চালান নং ও তারিখ:<br>ব্যাংকের নাম: |

তারিখ : ................................ আবেদনকারীর স্বাক্ষর

**সংযুক্তি :** ক) আবেদনকারীর সম্প্রতি তোলা ২ (দুই) কপি ছবি।
খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
গ) চালানের কপি।

| লাইসেন্স ইস্যুর বিবরণ | | |
|---|---|---|
| বই নম্বর | লাইসেন্স নম্বর | ইস্যুর তারিখ |
| | | |
| ব্যবসার শ্রেণি | | |
| | | |

**ফরম-২**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি বিপণন অধিদপ্তর**

ছবি

**কৃষি বিপণন লাইসেন্স**
[বিধি ৬ দ্রষ্টব্য]

১। মালিকের নাম :
২। পিতার নাম/স্বামীর নাম :
৩। মাতার নাম :
৪। বর্তমান ঠিকানা :
৫। স্থায়ী ঠিকানা :
৬। ব্যবসা প্রতিষ্ঠানের নাম :
৭। ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা :
৮। জাতীয় পরিচয়পত্র নম্বর :
৯। টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর :
১০। ব্যবসার শ্রেণি :
১১। কৃষিপণ্যের শ্রেণিবিভাগ (আইনের তফসিল-১ ও ২ অনুযায়ী)
১২। কৃষিপণ্যের বিবরণ (আইনের তফসিল-১ ও ২ অনুযায়ী)
১৩। প্রজ্ঞাপিত বাজারের নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
১৪। লাইসেন্স ফি (ভ্যাটসহ) : টাকা.....................
কথায়.................................
১৫। লাইসেন্সের মেয়াদ .............হইতে................পর্যন্ত

অফিসের সীলমোহর — লাইসেন্স ইস্যুকারী কর্মকর্তা

তারিখ : --------------------------- — (নাম, স্বাক্ষর ও তারিখসহ সীলমোহর)

**(বিঃ দ্রঃ কোনো প্রকার ঘষামাজা ছাড়াই এই লাইসেন্স ইস্যু করা হইল)**

## শর্তাবলি

(১) কোনো তথ্য গোপন করিলে বা অসত্য তথ্য প্রদান করিলে লাইসেন্স বাতিল করা হইবে।

(২) লাইসেন্সধারী লাইসেন্সটি ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানায় সংরক্ষণ করিবেন, যাহা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তা/কর্মচারী পরিদর্শনের সময় তাৎক্ষণিক পরিদর্শন করিতে পারিবেন।

(৩) লাইসেন্সটি হারাইয়া গেলে কিংবা নষ্ট হইলে তাৎক্ষণিকভাবে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরী (জি ডি) করিতে হইবে এবং ডায়েরীর অনুলিপিসহ পুনরায় লাইসেন্স প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আবেদন করিতে হইবে।

(৪) লাইসেন্সের মেয়াদ ইস্যুর তারিখ হইতে ১ (এক) বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে এবং মেয়াদান্তে বৎসরভিত্তিক নবায়ন করিতে হইবে।

(৫) লাইসেন্সধারী লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পর ৬০ (ষাট) দিনের মধ্যে ১০% হারে বিলম্ব ফি প্রদানপূর্বক লাইসেন্স নবায়ন করিতে পারিবেন।

(৬) কোনো লাইসেন্সধারীর মৃত্যু হইলে তাহার উত্তরাধিকারী কর্তৃপক্ষকে লাইসেন্সধারীর মৃত্যুর বিষয়টি অবহিত করিবেন এবং ব্যবসার ধারাবাহিকতা রক্ষার্থে তাহার উত্তরাধিকারী নূতন লাইসেন্স এর জন্য আবেদন করিতে পারিবেন।

(৭) এই আইন বা বিধির অধীন প্রদত্ত কোনো আদেশ লাইসেন্সধারী মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

(৮) লাইসেন্স গ্রহণ বা নবায়ন ব্যতীত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যবসা পরিচালনা করিলে তিনি কৃষি বিপণন আইন, ২০১৮ এর ধারা ১৯ এর উপ-ধারা (১) এর দফা (ক) তে বর্ণিত অপরাধে দণ্ডিত হইবেন।

**ফরম-৩**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কৃষি বিপণন অধিদপ্তর**

**কৃষি বিপণন লাইসেন্স নবায়ন**

[বিধি ১০(২) দ্রষ্টব্য]

**লাইসেন্স নম্বর : ............................**

| **নবায়ন কার্যকারিতার মেয়াদ : ............................ হইতে ................................. পর্যন্ত** | |
|---|---|
| **লাইসেন্স নবায়ন ফি :** | টাকা ........................., (কথায় : ..............................................)<br>চালান নং......................, তারিখ: ............................................. |
| অফিসের সীলমোহর<br>তারিখ : -------------------------- | লাইসেন্স ইস্যুকারী কর্মকর্তা<br>(নাম, স্বাক্ষর ও তারিখসহ সীলমোহর) |

| **নবায়ন কার্যকারিতার মেয়াদ : ............................ হইতে ................................. পর্যন্ত** | |
|---|---|
| **লাইসেন্স নবায়ন ফি :** | টাকা ........................., (কথায় : .............................................)<br>চালান নং......................, তারিখ : .......................................... |
| অফিসের সীলমোহর<br>তারিখ : ------------------------- | লাইসেন্স ইস্যুকারী কর্মকর্তা<br>(নাম, স্বাক্ষর ও তারিখসহ সীলমোহর) |

| **নবায়ন কার্যকারিতার মেয়াদ : ............................ হইতে ................................. পর্যন্ত** | |
|---|---|
| **লাইসেন্স নবায়ন ফি :** | টাকা ........................., (কথায় : ........................................)<br>চালান নং.................... , তারিখ : .......................................... |
| অফিসের সীলমোহর<br>তারিখ : ------------------------- | লাইসেন্স ইস্যুকারী কর্মকর্তা<br>(নাম, স্বাক্ষর ও তারিখসহ সীলমোহর) |

| **নবায়ন কার্যকারিতার মেয়াদ : ............................ হইতে ................................. পর্যন্ত** | |
|---|---|
| **লাইসেন্স নবায়ন ফি :** | টাকা ........................., (কথায় : ........................................)<br>চালান নং.................... , তারিখ : .......................................... |
| অফিসের সীলমোহর<br>তারিখ : ------------------------- | লাইসেন্স ইস্যুকারী কর্মকর্তা<br>(নাম, স্বাক্ষর ও তারিখসহ সীলমোহর) |

| **নবায়ন কার্যকারিতার মেয়াদ : ............................ হইতে ................................. পর্যন্ত** | |
|---|---|
| **লাইসেন্স নবায়ন ফি :** | টাকা ........................., (কথায় : ........................................)<br>চালান নং......................, তারিখ: .......................................... |
| অফিসের সীলমোহর<br>তারিখ : ------------------------- | লাইসেন্স ইস্যুকারী কর্মকর্তা<br>(নাম, স্বাক্ষর ও তারিখসহ সীলমোহর) |

ছবি

**ফরম-৪**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কৃষি বিপণন অধিদপ্তর**

**কৃষিভিত্তিক ব্যবসায়ী সংগঠন, কৃষিভিত্তিক সংগঠনসমূহের ফেডারেশন, কনসোর্টিয়াম, সমিতি, সংস্থা, চুক্তিবদ্ধ চাষ ও বিপণন ব্যবস্থার সহিত সম্পৃক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান, সমবায় সমিতির তালিকাভুক্তিকরণ ফরম।**

[বিধি ১৫ দ্রষ্টব্য]

বরাবর,
দপ্তর প্রধান
..........................................

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রতিষ্ঠান/সংগঠন/সমিতির নাম | : | |
| ২। | ঠিকানা | : | |
| ৩। | প্রতিষ্ঠান/সংগঠন/সমিতির ধরন | : | |
| ৪। | জেলার নাম | : | |
| ৫। | উপজেলার নাম | : | |
| ৬। | প্রতিষ্ঠার বৎসরর | : | |
| ৭। | কোনো সরকারি সংস্থায় নিবন্ধনকৃত কি না | : | হ্যাঁ / না |
| ৮। | নিবন্ধনকারী সংস্থার নাম | : | |
| ৯। | নিবন্ধন নং | : | |
| ১০। | টেলিফোন/মোবাইল নম্বর/ই-মেইল নম্বর | : | |
| ১১। | বিনিয়োগকৃত অর্থের পরিমাণ | : | ক) নিজস্ব : ............ খ) ব্যাংক ঋণ : .....................<br>গ) অন্যান্য : ............ মোট : ....................... টাকা। |
| ১২। | নিয়োজিত জনবলের সংখ্যা (জন) | : | পুরুষ ................... মহিলা .............মোট............. |
| ১৩। | কৃষি বিপণন লাইসেন্স আছে কি না | : | হ্যাঁ / না ( হ্যাঁ হলে)<br>লাইসেন্স নং................. , ইস্যুর তারিখ : ............... |

তারিখ : .................................

আবেদনকারীর স্বাক্ষর

**সংযুক্তি :** ক) আবেদনকারীর সম্প্রতি তোলা ২ (দুই) কপি ছবি।

খ) কৃষি বিপণন লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।

গ) গঠনতন্ত্রের কপি।

**ফরম-৫**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কৃষি বিপণন অধিদপ্তর**

## প্রজ্ঞাপিত ঘোষণার উপযোগী বাজার নির্ধারণের ফরম

[বিধি ৩(১) এর দফা (ক) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | ইউনিয়ন/পৌরসভা, উপজেলা ও জেলার নামসহ বাজারের নাম | খতিয়ান ও দাগ নং সহ তফসিল (এরিয়ার বিবরণসহ) | হাটবার | হাটবারে প্রধান প্রধান কৃষিপণ্যের নাম ও আমদানির পরিমাণ | সম্ভাব্য লাইসেন্সযোগ্য পাইকারি কৃষিপণ্য ব্যবসায়ীর সংখ্যা | বাজার প্রতিষ্ঠার সন | বাজারে অবস্থিত স্থাপনার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

অফিসের সীলমোহর

তারিখ : ---------------------------

কর্মকর্তার স্বাক্ষর

(নাম ও তারিখসহ সীলমোহর)

**ফরম-৬**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কৃষি বিপণন অধিদপ্তর**

**লাইসেন্স গ্রহণ বা নবায়নের নোটিশ**

[বিধি ৫(১), (৩) ও ১০ (১), (৬) দ্রষ্টব্য]

স্মারক নং----------------------------------------------- তারিখ : --------------------

প্রাপক,

----------------------------------------

----------------------------------------

----------------------------------------

**বিষয় : লাইসেন্স গ্রহণ/নবায়ন/স্হগিত/বাতিল প্রসংগে।**

১। আইনের ধারা ৫, ৬ বা ৭ অনুযায়ী আপনি বা আপনার প্রতিষ্ঠান কর্তৃক কৃষি বিপণন লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। তদনুযায়ী কৃষি বিপণন বিধিমালা, ২০২১ এর বিধি ৫ এ বর্ণিত নিয়ম মোতাবেক কৃষি বিপণন লাইসেন্স গ্রহণের নিমিত্ত আগামী ................................ তারিখের মধ্যে আপনি বা আপনার প্রতিষ্ঠানের প্রতিনিধিকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করিবার জন্য অনুরোধ করা হইল।

২। কৃষি বিপণন বিধিমালার ২০২১ এর বিধি ৫ অনুযায়ী কৃষি বিপণন লাইসেন্স গ্রহণকারী হিসেবে আপনার/ আপনার প্রতিষ্ঠানের লাইসেন্সের মেয়াদ ....................... তারিখে শেষ হইতে চলিয়াছে। এমতাবস্থায় বিধি ১০ অনুযায়ী আপনার/আপনার প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন করিবার জন্য অনুরোধ করা হইল।

৩। অন্যথায় আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৪। নূতন লাইসেন্স ফি/নবায়ন ফি ভ্যাটসহ সরকার কর্তৃক নির্ধারিত কোড এ ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হইবে।

৫। নূতন লাইসেন্স ফি/নবায়ন ফি এর তালিকা নিম্নে উল্লেখ করা হইল :

| ক্রমিক নং | ব্যবসার শ্রেণি | নূতন লাইসেন্স ফি (টাকা) | নবায়নকৃত লাইসেন্স ফি (টাকা) | ভ্যাট (প্রযোজ্য হারে) |
|---|---|---|---|---|
| ১ | হিমাগার | ১৫০০/- | ৮০০/- | |
| ২ | চুক্তিবদ্ধ চাষ ও বিপণন ব্যবস্থার সহিত সম্পৃক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান | ১২০০/- | ৬০০/- | |
| ৩ | কৃষিপণ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান | ১২০০/- | ৬০০/- | |
| ৪ | বড় গুদাম, রপ্তানিকারক, আমদানিকারক, সরবরাহকারী | ১২০০/- | ৬০০/- | |
| ৫ | কুলচেম্বার, ছোট গুদাম, পাইকারি বিক্রেতা, আড়তদার, মজুদদার, ডিলার, মিলার, কমিশন এজেন্ট বা ব্রোকার। | ১০০০/- | ৫০০/- | |
| ৬ | বেপারী, ফড়িয়া | ৩০০/- | ২০০/- | |
| ৭ | ওজনদার, নমুনা সংগ্রহকারী | ১০০/- | ৫০/- | |

অফিসের সীলমোহর কর্মকর্তার স্বাক্ষর

তারিখ : --------------------------- (নাম ও তারিখসহ সীলমোহর)

**ফরম-৭**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কৃষি বিপণন অধিদপ্তর**

**প্রজ্ঞাপিত বাজারের প্রজ্ঞাপন বাতিলের ফরম**

[বিধি ৩(৩) এর দফা (ক) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | ইউনিয়ন/পৌরসভা, উপজেলা ও জেলার নামসহ বাজারের নাম | খতিয়ান ও দাগ নং সহ তফসিল (এরিয়ার বিবরণসহ) | বাজার প্রজ্ঞাপনের নং ও তারিখ | বাজারের বর্তমান অবস্থার বিবরণ | প্রজ্ঞাপন বাতিলের কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

অফিসের সীলমোহর

তারিখ :---------------------------

কর্মকর্তার স্বাক্ষর

(নাম ও তারিখসহ সীলমোহর)

**ফরম-৮**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কৃষি বিপণন অধিদপ্তর**

**কৃষি বিপণন লাইসেন্স স্থগিত/বাতিলের নোটিশ**

[বিধি ১১(১) দ্রষ্টব্য]

স্মারক নং-------------------------------------------- তারিখ : ---------------------

প্রাপক,

নাম/প্রতিষ্ঠানের নাম : ----------------------------------------

ঠিকানা : -----------------------------------------------------

---------------------------------------------------

**বিষয় : কৃষি বিপণন লাইসেন্স স্থগিত/বাতিলের নোটিশ প্রসংগে।**

১। এতদ্দারা জানানো যাইতেছে যে, আপনি/আপানার প্রতিষ্ঠান কৃষি বিপণন অধিদপ্তরের ................. শ্রেণিভুক্ত লাইসেন্সধারী এবং লাইসেন্স নং- ---------------। আপনি/আপানার প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কৃষি বিপণন লাইসেন্স এর শর্তাবলি মোতাবেক নিম্নবর্ণিত কারণে লাইসেন্স স্থগিত/বাতিল করা হইবে, যথা :—

(ক) ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় তথ্য গোপন বা অসত্য তথ্য প্রদান করিয়াছেন;

(খ) জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করিয়াছেন;

(গ) ব্যবসার দ্বারা প্রতিবেশী/পথচারী অন্য যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সমস্যা/বাধার সৃষ্টি করিয়াছেন;

(ঘ) লাইসেন্সটি ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানায় সংরক্ষণ করা হয় নাই;

(ঙ) লাইসেন্সটি কৃষি বিপণন অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক পরিদর্শনের সময় তাৎক্ষণিকভাবে দেখাইতে পারেন নাই;

(চ) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের যে কোনো বৈধ আদেশ অমান্য করিয়াছেন;

(ছ) ব্যবসা পরিবর্তনজনিত কারণ/মৃত্যুজনিত কারণ/মালিকানা পরিবর্তনজনিত কারণ অবহিত করা হয় নাই।

(জ) কৃষি বিপণন আইন, ২০১৮ ও কৃষি বিপণন বিধিমালা, ২০২১ এর আওতায় লাইসেন্সধারীদের জন্য নির্ধারিত বিধান ................................................................................ লঙ্ঘন করিয়াছেন।

২। উল্লিখিত কারণে এই বিধিমালার বিধি ১১ অনুযায়ী উক্ত লাইসেন্স কেন স্থগিত বা বাতিল করা হইবে না, তাহা নোটিশ প্রাপ্তির ১৫ (পনোরো) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। অন্যথায় নির্ধারিত সময়ের মধ্যে জবাব পাওয়া না গেলে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

অফিসের সীলমোহর কর্মকর্তার স্বাক্ষর

তারিখ :-------------------------- (নাম ও তারিখসহ সীলমোহর)

**ফরম-৯**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কৃষি বিপণন অধিদপ্তর**

**কৃষি বিপণন লাইসেন্স স্থগিত বা বাতিল**

[বিধি ১১(৫) দ্রষ্টব্য]

স্মারক নং----------------------------------------- তারিখ : -----------------

প্রাপক,

নাম/প্রতিষ্ঠানের নাম : ----------------------------------------

ঠিকানা : -------------------------------------------------------

-------------------------------------------------------

**বিষয় : লাইসেন্স স্থগিত/বাতিল প্রসংগে।**

১। আপনি/আপানার প্রতিষ্ঠান কৃষি বিপণন অধিদপ্তরের ........................... শ্রেণিভুক্ত লাইসেন্সধারী যাহার লাইসেন্স নং-..........................। বিধি ১১ অনুযায়ী .............................তারিখের..............................সংখ্যক স্মারকে প্রেরিত নোটিশ এর জবাব সন্তোষজনক না হওয়ায় আপনি/আপনার প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কৃষি বিপণন লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করা হইল।

২। আপনি/আপানার প্রতিষ্ঠান কৃষি বিপণন অধিদপ্তরের....................................... শ্রেণিভুক্ত লাইসেন্সধারী যাহার লাইসেন্স নং-........................................। বিধি ১১ অনুযায়ী ......................... তারিখের ..................... সংখ্যক স্মারকে প্রেরিত নোটিশ এর জবাব সন্তোষজনক না হওয়ায় আপনি/আপনার প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কৃষি বিপণন লাইসেন্স বাতিল করা হইল।

অফিসের সীলমোহর কর্মকর্তার স্বাক্ষর

তারিখ : ------------------------- (নাম ও তারিখসহ সীলমোহর)

**ফরম-১০**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কৃষি বিপণন অধিদপ্তর**

## কৃষিপণ্যের যৌক্তিক মূল্য নির্ধারণ

[বিধি ৪ এর দফা (ঙ) ও বিধি ১৭ এর দফা (ঘ) দ্রষ্টব্য]

উৎপাদক, পাইকারি ও খুচরা পর্যায়ে যুক্তিসংগত শতকরা হারে মুনাফা ধার্য করিয়া যৌক্তিক বিক্রয়মূল্য নির্ধারণ সারণী :

| ক্রমিক নং | কৃষিপণ্যের শ্রেণিবিভাগ | কৃষিপণ্যের বিবরণ | উৎপাদক পর্যায়ে যৌক্তিক মুনাফার সর্বোচ্চ হার | পাইকারি পর্যায়ে যৌক্তিক মুনাফার সর্বোচ্চ হার | খুচরা পর্যায়ে যৌক্তিক মুনাফার সর্বোচ্চ হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (ক) | খাদ্যশস্য | ধান, চাউল, গম, ভুট্টা ও অন্যান্য; | ৩০% | ১৫% | ২৫% |
| (খ) | অর্থকরী ফসল | পাট, চা, তূলা, তামাক ও অন্যান্য; | ৩০% | ১৫% | ২৫% |
| (গ) | ডাল ও কলাই | সকল প্রকার ডাল ও কলাই (খোসাসহ ও খোসা ব্যতীত) | ৩০% | ১৫% | ২৫% |
| (ঘ) | তেলবীজ | রাই, সরিষা, তিল, তিষি, বাদাম, নারিকেল, রেঢ়ি, সূর্যমুখী, সয়াবিন ও অন্যান্য; | ৩০% | ১৫% | ৩০% |
| (ঙ) | ইক্ষু এবং গুড় | ইক্ষু, সকল প্রকার গুড়; | ৩৫% | ১৫% | ৩০% |
| (চ) | ফল | সকল প্রকার তাজা ও শুকনা ফল; | ৩০% | ২০% | ৩০% |
| (ছ) | ফুল | সকল প্রকার তাজা ও শুকনা ফুল, ক্যাকটাস, অর্কিড, পাতাবাহার ও অন্যান্য; | ৪০% | ২৫% | ৩০% |
| (জ) | শাক-সবজি | আলুসহ সকল প্রকার শাক-সবজি; | ৪০% | ২৫% | ৩০% |
| (ঝ) | মাছ | সকল প্রকার মাছ (তাজা, শুকনা, লবণজাত ও হিমায়িত) ও অন্যান্য; | ৩০% | ১৫% | ২৫% |
| (ঞ) | মসলা | পেঁয়াজ, রসুন, আদা, হলুদ, মরিচ (কাঁচা) ও অন্যান্য; | ৪০% | ২০% | ৩০% |
| | | ধনিয়া, কালোজিরা, মরিচ (শুকনা) ও অন্যান্য | ৩০% | ১৫% | ২৫% |
| (ট) | অন্যান্য কৃষিজাত পণ্য | ডিম, দুগ্ধ ও অন্যান্য দুগ্ধজাত দ্রব্য, সুপারি, পান, সকল প্রকার ভুসি, ডাব, নারিকেল ও অন্যান্য; | ৩০% | ১৫% | ২৫% |
| (ঠ) | প্রক্রিয়াজাত কৃষিপণ্য | চিড়া, মুড়ি, সুজি, সেমাই, আটা, ময়দা, সকল প্রকার কৃষিপণ্যের রস ও জুস, আচার, বেসন, চিপস, অন্য যে কোনো প্রক্রিয়াজাত কৃষিপণ্য; | ৩০% | ১৫% | ২৫% |

ব্যাখ্যা :

(১) **উৎপাদক পর্যায়ে যৌক্তিক মূল্য নির্ধারণ:** কৃষিপণ্যের উৎপাদন খরচ ও বিপণন খরচ এর সহিত কলাম (৪) এ উল্লিখিত শতকরা হারে মুনাফা ধার্য করিয়া যৌক্তিক বিক্রয়মূল্য নির্ধারণ করিতে হইবে।

(২) **পাইকারি পর্যায়ে যৌক্তিক মূল্য নির্ধারণ:** কৃষিপণ্যের পাইকারি ক্রয়মূল্য (উৎপাদকের বিক্রয়মূল্য) ও বিপণন খরচ এর সহিত কলাম (৫) এ উল্লিখিত শতকরা হারে মুনাফা ধার্য করিয়া যৌক্তিক বিক্রয়মূল্য নির্ধারণ করিতে হইবে।

(৩) **খুচরা পর্যায়ে যৌক্তিক মূল্য নির্ধারণ:** কৃষিপণ্যের খুচরা কারবারীর ক্রয় মূল্য (পাইকারি বিক্রয়মূল্য) ও বিপণন খরচ এর সাথে কলাম ৬ এ উল্লিখিত শতকরা হারে মুনাফা ধার্য করে যৌক্তিক বিক্রয়মূল্য নির্ধারণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মেসবাহুল ইসলাম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd